



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal_citycollege_ctg@yahoo.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.



বিজ্ঞপ্তি

তারিখ : ০৯/০৩/২০২১।

এ কলেজের স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য 'বঙ্গবন্ধু স্কলার' নির্বাচন ও বৃত্তি প্রদানের আবেদন আহ্বান করা হয়েছে। আগ্রহী স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদেরকে সংযুক্ত বিজ্ঞপ্তি মোতাবেক আগামী ২৮/০৩/২০২১ তারিখের মধ্যে পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি আবেদন পৌঁছানোর নির্দেশ দেয়া হল।

(প্রফেসর ড. সুদীপা দত্ত)


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২১-৭৪

তারিখ:

১০ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

‘বশাব্দু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ‘বশাব্দু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদানের আবেদন আহ্বান।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে জাতির পিতা বশাব্দু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য দেশের মধ্যে সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ের শিক্ষার্থীদের মধ্য হতে ‘বশাব্দু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদান করা হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

ক) স্কলারশিপের অধিক্ষেত্র :

ক্রমিক	স্কলারশিপের অধিক্ষেত্র
১.	সামাজিক বিজ্ঞান (Social Science)
২.	কলা ও মানবিক (Arts & Humanities)
৩.	ব্যবসায় শিক্ষা (Business Studies)
৪.	আইন (Law)
৫.	ভৌত বিজ্ঞান (Physical Science)
৬.	ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology)
৭.	বিজ্ঞান (Science)
৮.	জীব বিজ্ঞান (Biological Science)
৯.	শিক্ষা ও উন্নয়ন (Education & Development)
১০.	চিকিৎসা (Medicine)
১১.	চামুকাবু (Fine Arts)
১২.	কৃষি বিজ্ঞান (Agricultural Science)
১৩.	মাদরাসা শিক্ষা (Madrasha Education)

খ) প্রত্যেক অধিক্ষেত্র হতে ১ জন স্কলারকে বৃত্তি প্রদান করা হবে।

গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি :

- মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ‘বশাব্দু স্কলার নির্বাচন ও বৃত্তি প্রদান নির্দেশিকায়’ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা/আবেদনপত্রের ফরম প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) পাওয়া যাবে।
- সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর শ্রেণিতে ভর্তির নিশ্চয়তা পেয়েছেন বা ভর্তিকৃত এমন শিক্ষার্থীগণ ‘বশাব্দু স্কলার’ বৃত্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করবেন। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নম্বরপত্র ও এক্সট্রা কারিকুলার অ্যাচিভমেন্ট’র সনদের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে।
- পুরণকৃত আবেদন ফরম এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি আগামী ২৮ মার্চ ২০২১ তারিখ অফিস চলাকালীন ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬.০২.২০২১
(নাসরীন আফরোজ)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৯২২০০

ই-মেইল: md@pmeat.gov.bd